গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চারঘাট, রাজশাহী
charghat.rajshahi.gov.bd

তারিখ ঃ ২০ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২৬ খ্রি.

স্মারক নং ঃ ৩১.৪৩.৮১২৫.০০৪.৯৯.০০১.২৬-১৭

## রাজশাহী জেলার চারঘাট উপজেলায় ২০ একর পর্যন্ত জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ২৩/১১/২০২৫ খ্রিস্টাব্দের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২৩.২৫-৭০৪ নং স্মারক মোতাবেক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ২০ একর পর্যন্ত জলমহাল ইজারার জন্য jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিলের বিধান প্রবর্তন করায় রাজশাহী জেলার চারঘাট উপজেলার ২২ (বাইশ) টি বদ্ধ জলমহাল ০১ লা বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তদপ্রেক্ষিতে রাজশাহী জেলার চারঘাট উপজেলা থেকে সাধারণ আবেদনে ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দে জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calender Year) মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

| ক্র.নং | তারিখ | কার্যদিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ০১ | ০১ মাঘ থেকে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | ১৫ দিন | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ০২ | ০১ মাঘ থেকে ০৯ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৩ জানুয়ারির মধ্যে) | ০৯ দিন | অনলাইনে আবেদন দাখিলের জন্য আবেদনকারী কর্তৃক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/উপজেলা ভূমি অফিস হতে অফিস চলাকালে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যের আবেদন ফরম ক্রয়। |
| ০৩ | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | ০৩ কার্যদিবস | আবেদনকারী কর্তৃক অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চারঘাট, রাজশাহী'তে দাখিল। |
| ০৪ | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে (০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫ কার্যদিবস | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৫ | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে (১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫ কার্যদিবস | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৬ | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চ) | ১৫ কার্যদিবস | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, রাজশাহী মহোদয় বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ও জেলা প্রশাসক মহোদয় কর্তৃক অনুমোদন। |
| ০৭ | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে (১২ মার্চ থেকে ১৬ মার্চের মধ্যে) | ০৩ কার্যদিবস | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৮ | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ০৯ কার্যদিবস | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| ০৯ | ১ বৈশাখ (১৪ এপ্রিল হতে) | - | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

০২। (ক) ১ বৈশাখ ১৪৩৩ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ২০ একরের নিম্নে জলমহালের তালিকা acl.charghat.rajshahi.gov.bd এই ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

(খ) উল্লেখ্য, বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলী সংযোজন/বিয়োজন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


(জান্নাতুল ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
চারঘাট, রাজশাহী
টেলিফোন-০২৫৮৮৮-৭৯০৫১
ই-মেইল: unocharghat@mopa.gov.bd


CamScanner

স্মারক নং ঃ ৩১.৪৩.৮১৫৩.০০০.২১.০০২.২০২৬-১৭

তারিখ ঃ ২০ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
০২। জেলা প্রশাসক, রাজশাহী।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, চারঘাট, রাজশাহী।

অনুলিপি অবগতি ও ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হলো :

০৫। উপজেলা নির্বাহী অফিসার,....................................................(সকল), রাজশাহী।
০৬। সহকারী কমিশনার (ভূমি),....................................................(সকল), রাজশাহী।
০৭। উপজেলা.................................................অফিসার..............................রাজশাহী। (খাস পুকুর ইজারা বিজ্ঞপ্তি তার কার্যালয়ে নোটিশ বোর্ডে ঝুলিয়ে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
০৮। সহকারী প্রোগ্রামার,উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চারঘাট, রাজশাহী। (বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো)
০৯। চেয়ারম্যান/প্রশাসক, চারঘাট/ভায়ালক্ষীপুর/নিমপাড়া/শলুয়া/সরদহ/ইউসুফপুর ইউপি, চারঘাট, রাজশাহী। (খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তি তার ইউনিয়নে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, চারঘাট/সরদহ/নন্দনগাছী ইউনিয়ন ভূমি অফিস, চারঘাট, রাজশাহী। (খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য এবং জারির প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১১। জনাব............................................................... সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, চারঘাট,রাজশাহী।
১২। সম্পাদক, ......................................................(পত্রিকার ভিতরের পাতায় "৪×৮" সাইজে স্বল্প পরিসরে একদিন প্রকাশ করত: পত্রিকার বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১৩। অফিস কপি।

০৪/০১/২০২৬

মোঃ রাহাতুল করিম মিজান
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা
কমিটি
চারঘাট,রাজশাহী

CamScanner

**শর্তাবলীঃ**

০১. সকল সরকারি খাস বদ্ধ জলমহাল ০৩(তিন) বছর মেয়াদে/অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে।

০২. বিগত ০৩(তিন) বছরের গড় ইজারামূল্যের সাথে ৫% অর্থ বৃদ্ধিতে সরকারি মূল্য নির্ধারণ করা হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। উল্লেখ্য সরকারি মূল্যের চাইতে কম ইজারা মূল্যে ইজারা দেয়া হবে না।

০৩. সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমিতি আবেদন করতে পারবে।

০৪. আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমিতি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়/উপজেলা ভূমি অফিস, চারঘাট হতে ক্রয়কৃত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে সমিতির নির্বাচিত কমিটি গঠনতন্ত্রের কপি, ব্যাংক এ্যাকাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও আবেদনকারীর ০১ (এক) কপি সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এ ছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সমিতি ০৩(তিন) বছর মেয়াদি লীজ নেওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পন্ন থাকলে তা বাতিল বলে গণ্য হবে।

০৫. আবেদনকারী মৎস্যজীবী সমিতির মধ্যে যদি অন্য কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। প্রকৃত মৎস্যজীবী সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ উপজেলা সমবায়/ সমাজসেবা কর্কর্তা(যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন আবেদনপত্রের সাথে দাখিলসহ বিগত ২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

০৬. একটি আবেদনে শুধুমাত্র একটি জলাশয়/পুকুরের জন্য আবেদন করা যাবে। একটি আবেদনে দুইটি জলাশয়/পুকুরের জন্য আবেদন করা হলে তা বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহীর অনুকূলে উদ্ধৃত মূল্যের ২০% অর্থ জামানত বাবদ সোনালী ব্যাংক/অগ্রণী ব্যাংক/ জনতা ব্যাংক/ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক হতে বিডি/পে-অর্ডার আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। উক্ত জামানতের অর্থ ইজারা মেয়াদ শেষ বৎসরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৭. ইজারার জন্য প্রয়োজনীয় সনদের ফটোকপি সনদ প্রদানকারী বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৮. আবেদনপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত পুকুরের ইজারা গ্রহীতাদের অনুকূলে আলাদাভাবে পত্র জারি করা হবে এবং অনুমোদিত সমিতির তালিকা অত্র অফিসের নোটিশ বোর্ডে টাঙ্গানো হবে। ১ম বছরের ইজারা মূল্যের অর্থ সরকারের জলমহাল ও পুকুর ইজারা জমার খাত **১৪৬০৩০১১২৪৭২৭-১৪১৫২০২** নং কোডে এবং মোট ইজারা মূল্যের উপর ১০% আয়কর **১১১০২১৫১০২৪৩৭-১১১১১০১** নম্বর কোডে এবং ১৫% ভ্যাট **১১১০২০৪১০২০২২-১১৪১১০১** নম্বর কোডে জমা দিয়ে চালানের মূল কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমাদিতে হবে। উক্ত পত্রে ও নোটিশে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাট আয়করসহ ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করে পুনঃইজারা প্রদান করা হবে।

০৯. ইজারা মেয়াদের ২য় বৎসরের বা তৎপরবর্তী বৎসরের ইজারা মূল্য বৎসর শুরু হওয়ার পূর্বে অর্থাৎ পূর্ববর্তী বৎসরের ৩০শে চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে এবং জলাশয়টি পুনঃইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. ইজারার অর্থ আদায়ের পর এবং প্রস্তাবিত ইজারার মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে ইজারাদাতাকে নিজ উদ্যোগে, নিজ খরচে নির্ধারিত ফরমে (ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল মোতাবেক) ৩০০/০০ টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় **জলমহাল দখল স্থানান্তর** করা হবে না।

১১. ইজারা গ্রহীতা **জলমহালের আয়তন হ্রাস** বৃদ্ধি করতে পারবে না। কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বে-দখল করতে না পারে তা ইজারা গ্রহীতা নিশ্চিত করবেন।

১২. মৎস্য সংক্রান্ত আইন ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

CamScanner

১৩. ইজারা গ্রহীতা কোন জলাশয় সাব-লীজ অথবা অন্যকোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি উক্তরুপ কার্যকলাপ পরিলক্ষিত হয় বা প্রমাণিত হয় তবে ইজারা বাতিল করে জলাশয় পুনঃইজারা প্রদান করা হবে। এক্ষেত্রে ঐ ইজারা গ্রহীতা/সমিতি ০৩(তিন) বছরের মধ্যে আবেদন করতে পারবে না।

১৪. ইজারা গ্রহীতা জলাশয়ের সীমারেখা বজায় রাখবেন। জলাশয়ের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেন না। তিনি নিজ দায়িত্বে ইজারাকৃত জলাশয়ের সরকারি সম্পত্তি সংরক্ষণ করবেন।

১৬. ইজারা গ্রহীতাকে সময়ে সময়ে জারীকৃত সরকারি আদেশ নির্দেশ মেনে চলতে হবে। ইজারা প্রদানকৃত জলাশয়ে সরকারিভাবে কোন উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হলে সেক্ষেত্রে ইজারা গ্রহীতাকে ইজারা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মেনে চলতে হবে।

১৭. ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ জনস্বার্থে ৩০(ত্রিশ) দিনের নোটিশ প্রদান করে ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।

১৮. ইজারা গ্রহীতা উর্দ্ধতন সরকারি কর্মকর্তা, জলাশয় ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময়ে জলমহালের পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবেন ।

১৯. বছরের যে কোন সময়েই ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা ০১ বৈশাখ, ১৪৩৩ হতে কার্যকর বলে গণ্য হবে।

২০. যে কোন আবেদন বাতিল বা অন্য কোনরূপ সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষণ করেন।

২১. কোনক্রমেই কোন মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতিকে ২(দুই) টির অধিক জলাশয় ইজারা/বন্দোবস্ত দেয়া যাবে না।০২(দুই)টি জলাশয়ের জন্য পৃথক দুটি আবেদন ফরম ক্রয় করতে হবে, একটি আবেদনে দুইটা জলাশয়/পুকুরের জন্য আবেদন করা যাবে না। যদি একটি আবেদনে দুইটি জলাশয়/পুকুরের জন্য আবেদন করা হয় তবে তা বাতিল বলে গণ্য হবে।

২২. পুকুর ইজারা গ্রহণের পূর্বেই বাস্তব অবস্থা জেনে শুধু ইজারায় অংশগ্রহণ করতে হবে। অন্যথায় পরবর্তীতে কোনরূপ ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২৩. কোন সমিতির নিকট বিগত বছরের জলমহাল ইজারা অর্থ পাওনা থাকলে বা কোন সমিতির বিরুদ্ধে জলমহাল ইজারার অর্থ আদায়ের জন্য সার্টিফিকেট মামলা চলমান থাকলে সে সমিতি কোন ক্রমেই বাংলা ১৪৩৩-১৪৩৫ সনের জন্য পুকুর ইজারায় আবেদন করতে পারবে না।

(জান্নাতুল ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
চারঘাট, রাজশাহী।

CamScanner

১৪৩৩ হতে ১৪৩৫ সন পর্যন্ত ৩ (তিন) বছর মেয়াদে ইজারার নিমিত্ত রাজশাহী জেলার চারঘাট উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ সরকারি জলাশয় বা খাস পুকুরের তালিকা নিম্নরূপ:

| ক্রম | ইউনিয়ন/পৌরসভা | মৌজার নাম | খতিয়ান | দাগ | শ্রেণী | পরিমাণ | সরকারি ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | চারঘাট | মিলিক গঁওরা | ০১ | ৫১৪ | পুকুর | ০.৬২ | ৫৯০৬৩/- | |
| ০২ | | রাওথা | ০১ | ৩১২ | পুকুর | ১.০৪ | ১২৬৪৭৩/- | |
| ০৩ | | তালবাড়িয়া | ০১ | ১৭৮ | পুকুর | ০.২২ | ৩৪৬৫০/- | |
| ০৪ | | তালবাড়িয়া | ০১ | ১১০৩ | পুকুর | ০.৪২ | ৫০১৯০/- | |
| ০৫ | | তালবাড়িয়া | ০১ | ৫৯৩ | পুকুর | ১.০০ | ১২৭৩৬৫/- | |
| ০৬ | | তালবাড়িয়া | ০১ | ৫২২ | পুকুর | ১.০২ | ১৪০৫৪৩/- | |
| ০৭ | | তালবাড়িয়া | ০১ | ৭৫৩ | পুকুর | ১.৯০ | ১৭৫৬৬৫/ | |
| ০৮ | | তালবাড়িয়া | ০১ | ৪৮৪ | পুকুর | ১.০৭ | ১৪০৫৪৩/- | |
| ০৯ | | তালবাড়িয়া | ০১ | ৫৩০ | পুকুর | ০.৪১ | ৪০১৬৩/- | |
| ১০ | | তালবাড়িয়া | ০১ | ৪৯০ | পুকুর | ০.৪৮ | ৩৪৪৪০/- | |
| ১১ | | চাঁদপুর কাকড়ামারি | ০১ | ৩৪৩ | পুকুর | ০.৩৭ | ৫৭০৫০/- | |
| ১২ | সরদহ | সাদিপুর | ০১ | ১০৩০ | পুকুর | ০.৩০ | ৪৭২৫০/- | |
| ১৩ | | ঝিকড়া | ০১ | ৬৫১৯ | পুকুর | ০.২৭ | ৪২১৫৮/- | |
| ১৪ | শলুয়া | ফতেপুর | ০১ | ১২৯ | পুকুর | ০.১৫ | ২৩১০০/- | |
| ১৫ | সরদহ | পাটিয়াকান্দি | ০১ | ১৬৬ | পুকুর | ০.১০ | ১৫৭৫০/- | |
| ১৬ | ভায়ালক্ষীপুর | ভায়ালক্ষিপুর | ০১ | ২৬৭২ | পুকুর | ০.৫৫ | ৫২৫০০/- | |
| ১৭ | ভায়ালক্ষীপুর | মোহননগর | ০১ | ২০ | পুকুর | ০.৫১ | ৫২৫০০/- | |
| ১৮ | শলুয়া | সলিয়াদহ/ খুরশিদহ | ০১ | ২৩৭,৩৩০ | পুকুর | ১৫.০৮ | ১১২৪০২৫/- | |
| ১৯ | নিমপাড়া | গায়ের পুকুর (নিমপাড়া) | ০১ | ৩৫৪৬ | পুকুর | ১.৪৭ | ১০৫৪২০/- | |
| ২০ | ভায়ালক্ষীপুর | রায়পুর | ০১ | ১, ৩১ | পুকুর | ৩.০২ | ২১৮৯৩/ | |
| ২১ | চারঘাট | তালবাড়িয়া | ০১ | ৭৬৪ | পুকুর | ০.৫১ | ৬১৮৪৫/- | |
| ২২ | চারঘাট | তালবাড়িয়া | ০১ | ৬৪৬ | পুকুর | ০.৫১ | ৫৬২২৮/- | |

১৪/০৭/২৬

([illegible] করিম মিজান)
সহকারী কমিশনার (ভূমি)
চারঘাট, রাজশাহী।

CamScanner